

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৯.১৯- ২ ৩ ৫০

তারিখঃ ১৩ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ
২৭ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ তথ্য প্রেরণ।

সূত্রঃ ডি.ও পত্র নং-০৫.০০.০০০০.০২৮.০০.০০১.২০-২৮১, তারিখঃ ০১/১০/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সান্নিধ্যপ্রাপ্ত সিভিল সার্ভিসের সদস্যগণের স্মৃতিকথা সম্বলিত স্মারকগ্রন্থ প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকাশনাটি সিভিল সার্ভিসের বিভিন্ন পর্যায়ের সদস্যগণের জাতির পিতার সান্নিধ্যে কর্মকালীন স্মৃতিচারণমূলক লেখায় সমৃদ্ধ হবে। এর পাশাপাশি স্মারকগ্রন্থটিতে যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ পুনর্গঠনে বঙ্গবন্ধু কর্তৃক গৃহীত এ বিভাগ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত, অনুশাসন, তাঁর উন্নয়ন দর্শনসহ প্রাসঙ্গিক দুর্লভ ডকুমেন্ট ও ছবি সংযোজিত হবে। এ প্রেক্ষাপটে স্মারকগ্রন্থটিতে প্রকাশের লক্ষ্যে বঙ্গবন্ধু কর্তৃক গৃহীত এ বিভাগ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত (যেমন-কোন নথিতে বঙ্গবন্ধুর স্বহস্তে লিখিত গুরুত্বপূর্ণ নোট/নির্দেশনা ইত্যাদি), অনুশাসন, প্রাসঙ্গিক দুর্লভ ছবি ও ডকুমেন্ট, তাঁর উন্নয়ন দর্শন সংক্রান্ত তথ্য নিম্নস্বাক্ষরকারীর অফিস ও ই-মেইল ঠিকানায় (admin1@hsd.gov.bd) হার্ডকপি ও সফট কপি ১৪-১০-২০২০ তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৩/১০/২০২০

(জাকিয়া পারভীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/গৃষ্ম প্রশাসন অধিদপ্তর/নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। জনসংযোগ কর্মকর্তা (পিআরও), মাননীয় মন্ত্রীর দপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।